

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
রাজবাড়ী সদর, রাজবাড়ী
dls.sadar.rajbari.gov.bd

স্মারক নং- ৩৩.০১.৮২৭৬.০০০.০৭.০০১.২৩-২২৩

তারিখঃ ২৯/১০/২০২৩ খ্রিঃ


“প্রকাশ্য নিলাম ডাক বিক্রয়”

সংশ্লিষ্ট সকলের অবগতির নিমিত্ত জানানো যাচ্ছে যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর আধুনিক চিকিৎসা কেন্দ্র নির্মাণার্থে সামাজিক বন বিভাগ, ফরিদপুর কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে লে আউট সংলগ্ন ৫ (পাঁচ)টি গাছ প্রকাশ্য নিলামে বিক্রির নিমিত্তে ০২/১১/২০২৩ খ্রি. রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, রাজবাড়ী সদর, রাজবাড়ী এ প্রকাশ্য নিলাম ডাক আহবান করা যাচ্ছে। নিলাম খরিদ ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদার/ঠিকাদারের প্রতিনিধিগণ প্রাক্কলিত মূল্যের ৩০% মূল্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে নগদ জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে পারবেন। কৃতকার্য সর্বোচ্চ ডাককারী ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ডাকের সমুদয় অর্থ পে-অর্ডার আকারে এবং বিধি মোতাবেক ২% আয়কর ও ৭.৫% ভ্যাট এর টাকা চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান সাপেক্ষে কার্যাদেশপত্র গ্রহণ করতে পারবেন। অন্যথায় তার ডাক বাতিল বলে গণ্য হবে এবং বায়নার জমাকৃত টাকা ফেরত দেয়া হবে না। অতঃপর দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীর ডাক মূল্যে নিলাম বিক্রয় করা হবে। অথবা পুনঃনিলাম ডাক আহবান করা হবে।

গুপ নং	কাজের বিবরণ	প্রাক্কলিত মূল্য	বায়নার টাকা	ডাকের টাকা জমাদানের সময় সীমা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর আধুনিক চিকিৎসা কেন্দ্র নির্মাণার্থে লে আউট সংলগ্ন ৫ (পাঁচ)টি গাছ নিলাম ডাক	১৮৩৯৭/- (আঠার হাজার তিনশত সাতানব্বই টাকা)	৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত টাকা)	০৩(তিন) কার্য দিবস	

শর্তাবলীঃ

- ডাকমূল্য প্রাক্কলিত মূল্যের অধিক না হলে নিলাম ডাক কার্যকরি হবে না।
- সর্বোচ্চ ডাককারী ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ডাকের সমুদয় অর্থ পে-অর্ডার আকারে এবং বিধি মোতাবেক ২% আয়কর ও ৭.৫% ভ্যাট এর টাকা চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা না দিলে ডাক সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে গাছ অপসারণ করতে হবে। অপসারণের পর সৃষ্টিত গর্তসমূহ নিজ খরচে ভরাট করে দিতে হবে। অন্যথায় বায়নার টাকা ফেরত দেয়া হবে না। সর্বোচ্চ ডাককারীর বায়নার টাকা কাজ সমাপ্তির পর ফেরত দেয়া হবে।
- ডাককারীর কোনো প্রস্তাব বা শর্তাবলী কর্তৃপক্ষ গ্রহণ করতে বাধ্য নয়।
- কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ অত্র ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


২৯/১০/২৩

(ডাঃ মোঃ শাকিল আহমেদ)
ভেটেরিনারি সার্জন
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
রাজবাড়ী সদর, রাজবাড়ী
ও সদস্য সচিব
গাছ বিক্রয়ের জন্য নিলাম কমিটি